

া রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৬১৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬১০]

১৭/ নিষিদ্ধ বিষয়াবলী (کتاب الأمور المنهى عنها)

পরিচ্ছেদঃ ২৮৩ : যে কোন প্রাণী এমনকি পিঁপড়েকে আগুন দিয়ে পুড়িয়ে শাস্তি দেওয়া নিষেধ

আরবী

وَعَنِ ابنِ مَسعُود رَضِيَ اللهُ عَنْهُ قَالَ: كُنَّا مَعَ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم فِي سَفَرٍ، فَانْطَلَقَ لِحَاجَتِهِ، فَرَأَيْنَا حُمَّرَةً مَعَهَا فَرْخَانِ، فَأَخَذْنَا فَرْخَيْهَا، فَجَاءَتِ الحُمَّرَةُ فَجَعَلَتْ تَعْرِشُ، فَجَاءَ النَّبيُّ صلى الله عليه وسلم فَقَالَ: «مَنْ فَجَعَ هَذهِ بولَدِهَا ؟، رُدُّوا وَلَدَهَا إِلَيْها» . وَرَأَى قَرْيَةَ نَمْلٍ قَدْ حَرَّقْنَاهَا، فَقَالَ: «مَنْ حَرَّقَ هَذهِ؟» قُلْنَا : نَحْنُ، قَالَ: «إنَّهُ لاَ يَنْبَغِي أَنْ يُعَذِّبَ بِالنَّارِ إِلاَّ رَبُّ النَّارِ» . رواه أَبُو داود بإسناد صحيح

বাংলা

২/১৬১৮। ইবনে মাসউদ রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, এক সফরে আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে ছিলাম। তিনি পেশাব-পায়খানা করতে চলে গেলেন। অতঃপর আমরা একটি লাল রঙের [হুস্মারাহ] পাখী দেখলাম। পাখীটির সাথে তার দুটো বাচ্চা আছে। আমরা তার বাচ্চাগুলোকে ধরে নিলাম। পাখীটি এসে [আমাদের] আশে-পাশে ঘুরতে লাগল। এমতাবস্থায় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফিরে এলেন এবং বললেন, "এই পাখীটিকে ওর বাচ্চাদের জন্য কে কষ্টে ফেলেছে? ওকে ওর বাচ্চা ফিরিয়ে দাও।" তারপর তিনি পিঁপড়ের একটি গর্ত দেখতে পেলেন, যেটাকে আমরা জ্বালিয়ে দিয়েছিলাম। তা দেখে তিনি জিজ্ঞাসা করলেন, "এ গর্তিটি কে জ্বালাল?" আমরা জবাব দিলাম যে, 'আমরা [জ্বালিয়েছি]।' তিনি বললেন, 'আগুনের মালিক [আল্লাহ] ছাড়া আগুন দিয়ে শাস্তি দেওয়া আর কারো জন্য সঙ্গত নয়।" (আবু দাউদ বিশুদ্ধ সূত্রে) [1]

English

(283) Chapter: Prohibition of Chastisement with Fire

Ibn Mas'ud (May Allah be pleased with him) reported:

We were with the Messenger of Allah (ﷺ) in a journey when he drew apart (to relieve nature). In his absence, we saw a red bird which had two young ones with it. We caught them and the red mother bird came, beating the



earth with its wings. In the meantime the Prophet (ﷺ) returned and said, "Who has put this bird to distress on account of its young? Return them to her." He (ﷺ) also noticed a mound of ants which we had burnt up. He asked, "Who has set fire to this?" We replied: "We have done so." He (ﷺ) said, "None can chastise with fire except the Rubb of the fire."

[Abu Dawud].

Commentary:

- 1. To catch nestlings of a bird and torment them or to burn the holes of insects along with their inmates is forbidden. One can, however, burn their vacant holes.
- 2. If somebody has burnt a person to death, it is not permissible to kill him in return by burning. If the heirs of the victim want to kill him in the same way under Al-Qisas (the law of equality in punishment) they can do so; otherwise he can be put to the sword.

ফুটনোট

[1] আবু দাউদ ২৬৭৫, আহমাদ ৩৮২৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন